

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৯

তারিখঃ ২৮ জুলাই ২০২১

১৩ শ্রাবণ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে
বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ এবং ২৫ জুন ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের অনুচ্ছেদ-৩ অনুযায়ী শিল্প ও সার্ভিস সেক্টরের যে সকল প্রতিষ্ঠান (CMSME ব্যতীত) করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠান এ প্যাকেজের আওতায় সুবিধা প্রাপ্য হচ্ছে। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ-৭(ঘ) এ আলোচ্য প্যাকেজের আওতায় সীমিতরিজ্ঞ চাহিদার বিপরীতে ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে অপেক্ষাকৃত বেশি ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানকে অগ্রাধিকার (Priority) দিতে হবে মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া সার্কুলারের অনুচ্ছেদ-৭(ঙ) এ ক্ষতিগ্রস্ত অধিক সংখ্যক প্রতিষ্ঠান যাতে এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা ভোগ করতে পারে সে বিষয়টিকে গুরুত্ব দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩/২০২০ মোতাবেক ঋণ/বিনিয়োগের প্রাপ্যতার সমপরিমাণ অর্থ কোন গ্রাহকের অনুকূলে এক বছরে প্রদান করা সম্ভবপর না হলে অবশিষ্ট প্রাপ্য অর্থ প্যাকেজের অবশিষ্ট মেয়াদের মধ্যে প্রদানের সুযোগ রয়েছে।

৩। এক্ষণে আলোচ্য প্যাকেজের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধা স্বল্প সংখ্যক গ্রাহকদের মধ্যে কেন্দ্রীভূত না করে ক্ষতিগ্রস্ত অধিক সংখ্যক প্রতিষ্ঠানের অনুকূলে উক্ত সুবিধা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে শিল্প ও সার্ভিস সেক্টরের ক্ষতিগ্রস্ত যে সকল প্রতিষ্ঠান এ প্যাকেজের আওতায় অদ্যাবধি সুবিধা প্রাপ্ত হয়নি সে সকল প্রতিষ্ঠানকে অগ্রাধিকার (Priority) প্রদান করতে হবে।

৪। এতদ্বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনা বলবৎ থাকবে।
এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২